

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১৪-১৬৫

তারিখ : ০২ অক্টোবর ২০১৪
১৭ আশ্বিন ১৪২১

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ ইসমাইল হোসেন মিয়া (পরিচিতি নম্বর-০০৫১৮৯), নির্বাহী প্রকৌশলী (চ: দা:)-
কে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক গত ১৮-০৩-২০১৪ তারিখ সড়ক বিভাগ, চুয়াডাঙ্গা-তে নির্বাহী
প্রকৌশলী হিসেবে বদলী করা হয়। আপনি ২৪-০৩-২০১৪ তারিখ সড়ক বিভাগ, চুয়াডাঙ্গায় যোগদান করেন;

এবং

যেহেতু, আপনি যোগদানের পরের দিন অর্থাৎ ২৫-০৩-২০১৪ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে
অনুপস্থিত রয়েছেন;

এবং

যেহেতু, আপনার এ অননুমোদিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর
বিধি ২ (ডি) এর সংজ্ঞা অনুযায়ী ডিজারশন;

এবং

যেহেতু, আপনার এ অননুমোদিত অনুপস্থিতির জন্য আপনাকে একই বিধিমালার বিধি ৩ (সি) অনুযায়ী
ডিজারশন এর অভিযোগে অভিযুক্ত করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে
বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা
অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি
ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ
উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ১৩-০৭-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে
গত ১৪-০৮-২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

এবং


সেহেতু, আপনার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ
পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনি অসুস্থ এবং তদপেক্ষিতে ইতোমধ্যে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন
করেছেন। আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(সি) তে বর্ণিত
ডিজারশন এর অভিযোগে কার্যক্রম চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ ইসমাইল হোসেন মিয়া (পরিচিতি নম্বর-০০৫১৮৯), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর বিরুদ্ধে দায়েরী বিভাগীয় মামলা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (২) (এ) অনুযায়ী প্রত্যাহার করে নেয়া হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৫.১৪-১৬৫/১(১৪)

তারিখ: ০২ অক্টোবর ২০১৪
১৭ আশ্বিন ১৪২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)।
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)।
১০. যুগ্মসচিব (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
১২. জনাব মোঃ ইসমাইল হোসেন মিয়া (পরিচিতি নম্বর-০০৫১৮৯), নির্বাহী প্রকৌশলী (চ: দা:), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯